

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৫৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মনে করে যে, হাদীসটি সুফিয়ান সাওরী এককভাবে মারফু‘ সূত্রে বর্ণনা করেছেন, তার কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحس قول من زعم أن رفع هذا الخبر تفرد به سُفيان الثوري وحده

আরবী

2057 - أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ أَخْبَرَنَا الْمُغِيرَةُ بْنُ سَلَمَةَ الْمَخْزُومِيُّ حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ بْنُ زِيَادٍ حَدَّثَنَا عُثْمَانُ بْنُ حَكِيمٍ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ أَبِي عَمْرَةَ قَالَ: دَخَلَ عُثْمَانُ بْنُ عَفَّانَ الْمَسْجِدَ بَعْدَ صَلَاةِ الْمَغْرِبِ فَقَعَدَ وَحْدَهُ وَقَعَدْتُ إِلَيْهِ فَقَالَ: يَا ابْنَ أَخِي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (مَنْ صَلَّى الْعِشَاءَ فِي جَمَاعَةٍ فَكَأَنَّمَا قَامَ نِصْفَ اللَّيْلِ وَمَنْ صَلَّى الصُّبْحَ فِي جَمَاعَةٍ فَكَأَنَّمَا صَلَّى اللَّيْلَ كُلَهُ)

الراوي : عُثْمَانُ بْنُ عَفَّانَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2057 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))

(564)

বাংলা

২০৫৭. আব্দুর রহমান বিন আবু আমরাহ থেকে বর্ণিত, তিনি বলেন, “উসমান বিন আক্ষফান রাহিয়াল্লাহু আনহু মাগরিবের সালাতের পর মাসজিদে প্রবেশ করেন অতঃপর একাকী বসে পড়েন, এসময় আমিও তাঁর কাছে গিয়ে বসি। তখন তিনি বলেন, “ভাতিজা, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, “যে ব্যক্তি ইশার সালাত জামা‘আতে আদায় করলো, সে যেন অর্ধ রাত কিয়ামুল লাইল তথা তাহাজ্জুদ সালাত আদায় করলো, আর যে ব্যক্তি ফজরের সালাত জামা‘আতে আদায় করলো, সে যেন পুরো রাত কিয়ামুল লাইল তথা তাহাজ্জুদ সালাত আদায় করলো!”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ২০০৮; সহীহ মুসলিম: ৬৫৬; সুনান বাইহাকী: ৩/৬০; মুসনাদ আহমাদ: ১/৫৮; আবু দাউদ: ৫৫৫; তিরমিযী: ২২১; আবু আওয়ানা: ২/৪; তাবারানী: ১৪৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৫৬৪)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু আবু 'আমীরাহ্ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=91375>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন